

কানাডার ভিসা পুনরায় চালু করছে ভারত

- A Monitor Desk Report

Date: 26 October, 2023



কানাডার নাগরিকদের জন্য পুনরায় ভিসা পরিষেবা চালু করতে যাচ্ছে ভারত। অটোয়ার ভারতীয় হাইকমিশন এই তথ্য জানিয়েছে।

কানাডায় ভারতীয় বিচ্ছিন্নতাবাদী খালিস্তানপন্থি হরদীপ সিং নিজ্জা হত্যাকাণ্ড নিয়ে সেপ্টেম্বরে দুই দেশ কূটনৈতিক বিরোধে জড়িয়ে পড়ার পর ভিসা স্থগিত করেছিল নয়াদিল্লি। ব্রিটিশ সংবাদমাধ্যম এ খবর জানিয়েছে।

ভারতীয় কর্মকর্তারা জানিয়েছেন, হাইকমিশনের নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনার পর আবার তারা ভিসা ইস্যু করা শুরু করবেন। কানাডার সাম্প্রতিক একটি পদক্ষেপের পর এই পর্যালোচনা করা হয়েছে। তবে ওই পদক্ষেপের কথা তারা উল্লেখ করেননি।

এক বিবৃতিতে বলা হয়েছে, পরিস্থিতির অগ্রগতির ভিত্তিতে পরবর্তী উপযুক্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

আজ বৃহস্পতিবার (২৬ অক্টোবর) থেকে কানাডার নাগরিকদের ভিসা পরিষেবা ফের চালু হওয়ার কথা জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম। এর মধ্যে থাকবে ব্যবসা, চিকিৎসা, এন্ড্রি ও সম্মেলন ভিসা।

টরন্টোর ভারতীয় কনসুলেট জেনারেলের ওয়েবসাইটের তথ্য অনুসারে, এন্ড্রি ভিসা ভারতীয়-কানাডীয় নাগরিক, তাদের সঙ্গী ও শিশুদের দেওয়া হয়। তবে কানাডার পর্যটকদের জন্য ট্যুরিস্ট ভিসা দেওয়া শুরু হবে কিনা তা এই মুহূর্তে স্পষ্ট নয়।

গত মাসে জাস্টিন ট্রুডো ভারতকে নিজ্জার হত্যাকাণ্ডে কাঠগড়ায় দাঁড় করানোর পর ভারতীয় দূতাবাসের গোয়েন্দা প্রধানকে বহিষ্কার করে। পাল্টা পদক্ষেপ হিসেবে ভারতও এক কানাডীয় কূটনৈতিককে বহিষ্কার করে। পরে কানাডার নাগরিকদের জন্য ভারতের ভিসা স্থগিত করা হয়।

ভারত সরকার কানাডার অভিযোগ দৃঢ়তার সঙ্গে অস্বীকার করেছে। অক্টোবরের শুরুতে ভারতে কর্মরত কানাডীয় ৬২ জন কূটনৈতিকের মধ্যে ৪১ জনকে কানাডায় ফিরিয়ে নেওয়ার দাবি জানায় দিল্লি। সম্প্রতি কানাডা ভারতের দাবি মেনে কূটনৈতিকদের প্রত্যাহার করেছে।

